

# মৃত্যু আসলে কিছুইনা

কামরুল মান্নান আকাশ



মৃত্যু আসলে কিছুইনা।

এ শুধু আমার ক্ষণিকের পাশের কামরায় যাওয়া।

কিছুইতো হয়নি, সবই আছে আগের মত

যেমনটি ছিল আগে।

আমি আমিই আছি, তুমি তুমিই আছ।

ফেলে আসা জীবন যা কেটেছে আমাদের অনেক

ভালোবাসায় তা আজো আছে অপরিবর্তিত, স্পর্শহীন।

দুজনে দুজনার কাছে যা ছিলাম আজো তাই আছি।

আমাকে আমার পুরানো নাম ধরেই ডেকো।

আমার সাথে সহজ ভাবে কথা বল

যে ভাবে সব সময় বলতে।

তোমার কণ্ঠ যেন থাকে আগেরই মত।

সেটি যেন না হয় বাষ্প-রুদ্ধ অথবা বিষণ্ণ।

ছোট ছোট খুনসুটিতে আমরা যে ভাবে হেসে উঠতাম

আজো সেই ভাবে হেসো।

আনন্দে থেকো, আমার কথা ভেবো।

আর আমার জন্যে প্রার্থনা কর।

আমার নামটি যেন এখানে থাকে চির অম্লান

যেমনটি সবসময় ছিল।

কোন আবেগ ছাড়াই যেন সেটি উচ্চারিত হয়।

সেখানে যেন না থাকে কোন অশরীরী ছায়া।

জীবনের মানে সব সময়ই এক।

আগে তা যেমন ছিল এখনো তাই আছে।

এ এক পরম এবং অবিচ্ছেদ্য ধারাবাহিকতা।

মৃত্যু এক তুচ্ছ দুর্ঘটনা ছাড়া আর কি!

তাহলে কেন আমাকে ভুলে যাবে

আমি সামনে নেই বলে!

আমি অপেক্ষায় আছি তোমার।

মধ্যবর্তী কালে, খুব কাছে কোথাও,

পথের বাঁকেই।

সব কিছুই ঠিক আছে।

কোন ক্ষত হয়নি; কিছুই হারায়নি।

সংক্ষিপ্ত এক মুহূর্ত সব আবার আগের মত হয়ে যাবে।

বিদায়ের কণ্ঠ নিয়ে কি করে হাসব

আবার যখন দেখা হবে আমাদের!